# AKASHVANI(AIR)

# RNU: KOLKATA

# Bengali Text Bulletin

**04-06-2026** **Time: 1.30 PM**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুন দিল্লীতে ভেনিজুয়েলার ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি ডেলসি রড্রিগেজের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠকে মিলিত হয়েছেন।

২। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল গুজরাট এবং দমন সফরে যাবেন।

৩। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ শিলংয়ে, উত্তর পূর্বাঞ্চলীয় পরিষদের ৭৩-তম পূর্ণাঙ্গ অধিবেশনে সভাপতিত্ব করবেন।

৪। বাংলাদেশে, হাম সংক্রমণে মৃতের সংখ্যা ছ'শো ছাড়িয়েছে।

৫। গুজরাটের আমেদাবাদে আজ বিশ্ব যোগাসন ক্রীড়া চ্যাম্পিয়নশিপ শুরু হতে চলেছে। #প্রধানমন্ত্রী ভার্চুয়ালি এতে যোগ দেবেন।

------------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুন দিল্লীতে ভেনেজুয়েলার কার্যকরী রাষ্ট্রপতি ডেলসি রডরিগেজ - এর সঙ্গে এক দ্বিপাক্ষিক বৈঠকে মিলিত হয়েছেন। এই বৈঠকে ভারত-ভেনেজুয়েলা সম্পর্কের বিভিন্ন দিক নিয়ে আলোচনা হওয়ার কথা রয়েছে। এছাড়া, শক্তি নিরাপত্তা, বাণিজ্য-বিনিয়োগ, ফার্মাসিউটিক্যালস, স্বাস্থ্য পরিষেবা, পরিবহণ এবং পুনর্নবীকরণযোগ্য শক্তিক্ষেত্রে সহযোগিতা আরো বাড়ানোর লক্ষ্যে উভয় দেশ মতবিনিময় করবে।

আগেই জানানো হয়েছে, ভেনিজুয়েলার কার্যকরী রাষ্ট্রপতি গতকাল পাঁচদিনের সফরে নতুন দিল্লী এসে পৌঁছন। তাঁর সঙ্গে সেদেশের বিদেশমন্ত্রী, অর্থমন্ত্রী, বিজ্ঞান ও প্রযুক্তি এবং পরিবহণ মন্ত্রীও প্রতিনিধিদলে রয়েছেন। বিদেশমন্ত্রক সূত্রে জানানো হয়েছে, ভেনিজুয়েলার প্রতিনিধি দলটি শিল্প এবং প্রযুক্তি ক্ষেত্রে দু'দেশের মধ্যে সহযোগিতার ক্ষেত্র চিহ্নিত করতে ভারতের শক্তি , ওষুধ এবং পরিবহণ শিল্প ক্ষেত্রের বিভিন্ন কেন্দ্র পরিদর্শন করবেন।

---------------------

বিদেশমন্ত্রী এস জয়শঙ্কর আজ দিল্লীতে, ভারত সফররত ভেনেজুয়েলার অস্থায়ী রাষ্ট্রপতি ডেলসি রড্রিগেজের সঙ্গে সাক্ষাৎ করেছেন। পরে এক সোশ্যাল মিডিয়া পোস্টে ডক্টর জয়শঙ্কর বলেন, ভারত ও ভেনেজুয়ালের মধ্যে সম্পর্ককে দীর্ঘমেয়াদী ভিত্তিতে মূল্যায়ন করা হয়ে থাকে। তিনি আশা প্রকাশ করেন যে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে তাঁর বৈঠক দু'দেশের মধ্যে সহযোগিতাকে আরো শক্তিশালী করে তুলবে।

---------------------

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, লাও জনগণতান্ত্রিক প্রজাতন্ত্র ও ভারতের মধ্যে বৌদ্ধধর্ম এবং রামায়ণ কেন্দ্রিক সভ্যতাভিত্তিক সম্পর্ক রয়েছে। গতকাল নতুন দিল্লীতে, সেদেশের ভারত সফররত উপপ্রধানমন্ত্রী ও বিদেশমন্ত্রী থংসাভান ফোমভিহানের সঙ্গে রাষ্ট্রপতি ভবনে, তিনি এক বৈঠকে মিলিত হন। পরে, শ্রীমতী মুর্মূ বলেন, ভারত এবং লাও জনগণতান্ত্রিক প্রজাতন্ত্র-এর মধ্যে দ্বিপাক্ষিক বাণিজ্য বৃদ্ধি পেয়েছে। তবে দু'দেশের বাণিজ্য এবং লগ্নির এক বিরাট সম্ভাবনা রয়েছে।

এদিকে, বিদেশমন্ত্রী এস জয়শঙ্কর গতকাল দশম ভারত লাও জনগণতান্ত্রিক প্রজাতন্ত্র-এর যৌথ কমিশনের বৈঠকে সহ-সভাপতিত্ব করেন। এই বৈঠকে উভয় দেশ ভারত -আশিয়ান সহযোগিতাকে আরো এগিয়ে নিয়ে যাওয়ার বিষয়ে একমত হয়। শ্রী জয়শঙ্কর দুদেশের মধ্যে সভ্যতা কেন্দ্রীক সম্পর্কের কথা বলেন।

বাইট

----------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সংসদীয় ক্ষেত্র বারানসীতে আজ এবং আগামীকাল ‘ব্রিকস’ সাংস্কৃতিক কর্মী গোষ্ঠীর দ্বিতীয় বৈঠক হবে। G-20 বৈঠক সফলভাবে আয়োজনের পর আবারো এক ঐতিহাসিক আন্তর্জাতিক বৈঠকের সাক্ষী হতে চলেছে বারানসী। চিন, ব্রাজিল, মিশর, ইথিওপিয়া, ইন্দোনেশিয়া সহ ১১ টি দেশের প্রতিনিধি এই বৈঠকে অংশ নেবেন। যোগ দেবেন বরিষ্ঠ কূটনীতিক, নীতি নির্ধারক এবং সাংস্কৃতিক ক্ষেত্রের বিশেষজ্ঞরাও। অনুষ্ঠানে, কাশীর বিশ্ব বিখ্যাত GI ট্যাগ যুক্ত এবং ‘এক জেলা এক পণ্য’ উদ্যোগের আওতায় বিভিন্ন সামগ্রী নিয়ে একটি বিশেষ প্রদর্শনীর আয়োজন করা হবে। ৬’জন শিল্পী, বারানসীর সমৃদ্ধ কারুশিল্পের সঙ্গে যুক্ত ৬’টি পণ্য প্রদর্শন করবেন।

----------------------

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ মেঘালয়ের শিলংয়ে উত্তর-পূর্বাঞ্চলীয় পরিষদের ৭৩তম পূর্ণাঙ্গ অধিবেশনে সভাপতিত্ব করবেন। উত্তর-পূর্বাঞ্চল উন্নয়ন মন্ত্রক জানিয়েছে, বৈঠকে উত্তর-পূর্বাঞ্চলের উন্নয়নের বিভিন্ন প্রকল্পের অগ্রগতি নিয়ে আলোচনা হবে। মুখ্যমন্ত্রীর নেতৃত্বে গঠিত উচ্চ পর্যায়ের টাস্ক ফোর্সগুলির কাজও পর্যালোচনা করা হবে বৈঠকে।

এছাড়া পর্যটন, কৃষি ও উদ্যানপালন, বিনিয়োগ বৃদ্ধি, দুধ, ডিম, মাছ ও মাংস উৎপাদনে স্বনির্ভরতা, খেলাধুলার উন্নয়ন, পরিকাঠামো ও যোগাযোগ ব্যবস্থা এবং তাঁত ও হস্তশিল্পের উন্নয়ন নিয়ে কথা হবে।

বৈঠকে কেন্দ্রীয় মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া, প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার, উত্তর-পূর্বাঞ্চলের আটটি রাজ্যের রাজ্যপাল ও মুখ্যমন্ত্রী এবং কেন্দ্র ও রাজ্য সরকারের শীর্ষ আধিকারিকরা উপস্থিত থাকবেন।

---------------------

স্পটলাইট অনুষ্ঠান এবারের আলোচনা ‘সুস্থায়ী উন্নয়ন ও পরিবেশ সংরক্ষণ’। বিশিষ্ট প্রাণী চিকিৎসক ও পরিবেশবিদ্ ডাক্তার শিবাজী ভট্টাচার্যের সঙ্গে কথা বলেছেন কল্যাণ লাহা।

সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটির দ্বিতীয় তথা শেষ পর্ব শুনবেন আজ রাত সাড়ে আটটায় সঞ্চয়িতা ও আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে।

---------------------

বাংলাদেশে হামের প্রাদুর্ভাব বেড়ে চলেছে। গতকাল পর্যন্ত ২৪ ঘন্টায় এই রোগে আরো ৭ টি শিশুর মৃত্যু হওয়ায় মৃতের সংখ্যা বেড়ে ছ’ শো এক হয়েছে। সেদেশের স্বাস্থ্য পরিষেবার মহা নির্দেশক দপ্তর সূত্রে জানানো হয়েছে, এখনো পর্যন্ত হামের সন্দেহজনক সংক্রমণে ৫ শো ১১ জনের মৃত্যু হয়েছে। এছাড়াও , আরো ৯০ টি শিশু এই রোগে মারা গেছে। সারা দেশে নতুন করে এক হাজার ২১০ টি সংক্রমণের খবর পাওয়া গেছে। এবছরের মার্চে শুরু হওয়া সন্দেহজনক হাম সংক্রমণে ৭৪ হাজার ৫৭২ জন অসুস্থ হওয়ার খবর পাওয়া গেছে। এদের মধ্যে ৬০ হাজার জনকে হাসপাতালে ভর্তি করা হয় এবং ৫৫ হাজার ৯৪২ জনকে চিকিৎসার পর ছেড়ে দেওয়া হয়েছে।

---------------------

এনফোর্সমেন্ট ডায়রক্টরেট, ED আজ মায়ানমার সীমান্তে চামফাই শহরে ন’টি স্থানে তল্লাশি অভিযান চালিয়েছে। সীমান্তের ওপার থেকে বেআইনিভাবে বার্মি সুপারি চোরাচালান প্রতিরোধে এই অভিযান চলছে। স্থানীয় অধিবাসীদের বাড়ি এবং বিভিন্ন ব্যাবসায়িক প্রতিষ্ঠানে এই অভিযান চালিয়ে মায়ানমার থেকে বেআইনিভাবে সুপারি

চোরাচালান রুখতে সরকার কঠোর ব্যবস্থা নিয়েছে। তারই অঙ্গ হিসেবে এই অভিযান চালানো হচ্ছে বলে সরকারী সূত্রে জানানো হয়েছে।

---------------------

পশ্চিমবঙ্গে বিভিন্ন রেল প্রকল্পের কাজের অগ্রগতি খতিয়ে দেখতে, রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণো আগামী শনিবার (৬ জুন) কলকাতায় আসছেন।

পূর্ব রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক শিবরাম মাজি আকাশবাণীকে জানিয়েছেন, রেলমন্ত্রী নবান্ন সভাঘরে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর সঙ্গে বৈঠক করবেন। পূর্ব, দক্ষিণ-পূর্ব, উত্তর-পূর্ব সীমান্ত রেল ও মেট্রো রেলের জেনারেল ম্যানেজাররাও বৈঠকে উপস্থিত থাকবেন। এরাজ্যে বিভিন্ন রেলের বিভিন্ন প্রকল্প নিয়ে সেখানে আলোচনা হবে। এর ফলে রেলের উন্নয়নে কেন্দ্র-রাজ্য সম্পর্ক আরো দৃঢ় হবে বলে মনে করা হচ্ছে।

শ্রী মাজি জানান, ওই দিন বিকেলে রেল সম্পর্কিত সংসদীয় স্ট্যান্ডিং কমিটির সদস্যরাও কলকাতায় আসবেন। সন্ধ্যায় রেলের সঙ্গে যুক্ত বিভিন্ন সংস্থার সঙ্গে তারা বৈঠক করবেন।

---------------------

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ দু'দিনের ত্রিপুরা সফরে আজ সন্ধ্যায় আগরতলায় যাবেন । এই সফরে

শ্রীশাহ পুষ্পবান্তা প্যালেস হোটেলের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে যোগ দেবেন, লংকামুরায় সীমান্ত নিরাপত্তা বাহিনীর (বিএসএফ) সীমান্ত ফাঁড়ি পরিদর্শন করবেন এবং রাজ্য ও কেন্দ্রের নিরাপত্তা আধিকারিকদের সঙ্গে উচ্চ পর্যায়ের বৈঠক করবেন।

---------------------

দিল্লীর মুখ্যমন্ত্রী রেখা গুপ্তা আজ মালব্য নগর অগ্নিকান্ডের আহতদের দেখতে সাকেতে একটি হাসপাতালে যান।তিনি আহত তাঁর পরিবারের সদস্যদের সঙ্গে কথা বলেন। য়েই ঘটনায় নিহতদের নিকট আত্মীয়দের জন্য এককালীন ১০ লক্ষ টাকা করে ক্ষতিপূরণ ঘোষণা করা হয়েছে। আহতদের জপনয় ৫ লক্ষ টাকা করে দেওয়া হয়েছে।

---------------------

জাতীয় 'ই-বিধান' অ্যাপ্লিকেশন প্রকল্পের সঙ্গে সামঞ্জস্য রেখে, পশ্চিমবঙ্গের সব সরকারি এবং আধা সরকারী দপ্তরের কাজের ক্ষেত্রে কাগজের পরিবর্তে অনলাইন ব্যবস্থাকে গুরুত্ব দিতে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ ভারত সরকারের সংশ্লিষ্ট সংস্থার আধিকারিকদের সঙ্গে মৌ চুক্তি স্বাক্ষর করবেন। নবান্ন থেকে ভার্চুয়ালী এই চুক্তি স্বাক্ষরিত হবে।

রাজ্যে সর্বত্র এই ব্যবস্থা চালু হলে একদিকে যেমন কাজে স্বচ্ছতা আসবে, তেমনি সংরক্ষিত থাকা যাবতীয় নথিপত্র, অনলাইনে দেখার সুবিধা পাওয়া যাবে।

---------------------

বিশ্ব যোগাসন ক্রীড়া চ্যাম্পিয়নশিপ আজ গুজরাটের আমেদাবাদে শুরু হচ্ছে। বিশ্ব ক্রীড়া জগতে এটি একটি ঐতিহাসিক মাইলফলক হিসেবে চি হ্নিত হয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সন্ধ্যায় ভার্চুয়াল মাধ্যমে এই অনুষ্ঠানে যোগ দেবেন। বিশ্বজুড়ে যোগ প্রেমী এবং ক্রীড়াবিদরা এই প্রতিযোগিতায় অংশ নেবেন। পাঁচ দিনের এই প্রতিযোগিতায় মার্কিন যুক্তরাষ্ট্র সহ ৬০ টি দেশ থেকে ৪০০ এরও বেশি অংশগ্রহণকারী অংশ নেবেন। বিশ্ব যোগাসনের এই অনুষ্ঠানের লক্ষ্য সারা বিশ্বে যোগ ও সুস্থতা সম্পর্কে সচেতনতা ছড়িয়ে দেওয়ার পাশাপাশি বিশ্বব্যাপী বিভিন্ন ক্রীড়া প্রতিযোগি তায় যোগকে অন্তর্ভুক্ত করার পথ প্রশস্ত করা।

--------------------- --------------